



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.০৬.০০০০.২৪৩.৯৯.১৪.১৮-২৭৭৭

তারিখঃ ২২ মে, ২০১৯।

যুগ্মপরিচালক (সার)

বিএডিসি, -----(সকল)।

**বিষয়ঃ** আপনার অঞ্চলের আওতাধীন গুদামসমূহের অনুকূলে স্থানীয় কর্মকর্তাদের সমন্বয়ে সারের পার্শ্বিক/মাসিক বাস্তব যাচাই কার্য সম্পাদন প্রসঙ্গে।

**সূত্রঃ** ১. সচিব, বিএডিসি দপ্তরের স্মারক নং-৮৮০ তারিখঃ ১৯/০৯/২০১৬।  
২. সার ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং-১৪৯৫ তারিখঃ ৩০/০৩/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার অঞ্চলের আওতাধীন গুদামসমূহে সংরক্ষিত সারের সূত্র ব্যবস্থাপনা সম্পাদনের লক্ষ্যে পার্শ্বিক ও মাসিক ভিত্তিতে সারের বাস্তব যাচাই কার্য সম্পাদনপূর্বক নির্ধারিত ছকে প্রতিবেদন প্রেরণের জন্য বিভিন্ন সময়ে সূত্রে বর্ণিত স্মারকসমূহের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। সর্বশেষ পর্যায়ে সার ব্যবস্থাপনা বিভাগ হতে ১৫/১২/২০১৮ তারিখের ৮৮৪ স্মারকে এ সংক্রান্ত বিক্রে প্রতিলেখন প্রেরণের জন্য পুনরায় পত্র প্রদান করা হয়। দুঃখজনক হলেও সত্য যে, উপরে বর্ণিত পত্রসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসৃত হয় না।

০২. কেননা শুধু জামালপুর, ময়মনসিংহ ও ফুলনা দপ্তর হতে সারের মাসিক বাস্তব যাচাই প্রতিবেদন (পার্শ্বিক প্রতিবেদন দেয়া হয় না) নিয়মিতভাবে সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়ে থাকে। এছাড়া মনি পর্যালোচনা করলে দেখা যায় যে, জামালপুর ও বগুড়া অঞ্চল হতে যথাক্রমে শুধুমাত্র ঠাকুরগাঁও জেলায় বিদ্যমান শিবগঞ্জ উপজেলাস্থ ভবন বসুভা কেনার আওতাধীন গুদামসমূহের মাসিক বাস্তব যাচাই প্রতিবেদন সারের মাধ্যমে প্রেরণ করা হয়ে থাকে। কিন্তু লক্ষ্যণীয় যে, অন্যত্র অঞ্চল হতে গুদামসমূহের উপর সম্পাদিত চাক্ষুষ যাচাইয়ের কোন প্রতিবেদন চলাই অর্থবছরে পাওয়া যায়নি।

০৩. এমতাবস্থায়, সার ব্যবস্থাপনা উইংয়ের আওতাধীন গুদামসমূহের উপর চলতি অর্থবছরে সম্পাদিত পার্শ্বিক/মাসিক বাস্তব যাচাই প্রতিবেদন গুদামওয়ারী অতি নুতন সহিত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রতিবেদন পাওয়া না গেলে স্পষ্টতই প্রমাণিত হবে যে, কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ না করে বাস্তব যাচাই কার্যটি সম্পাদন করা হয়নি এবং গুদামে মজুদকৃত সারের ক্ষেত্রে কোন অব্যবস্থাপনা চিহ্নিত হলে এর দায়-দায়িত্ব কার্য পরিমি অনুযায়ী সংশ্লিষ্ট সকলের উপর বর্তাবে একইসঙ্গে সারের পার্শ্বিক/মাসিক বাস্তব যাচাই কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদনপূর্বক প্রতিবেদন প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

*(স্বাক্ষর)*  
১২/৫/১৯

(মোঃ হারুন জাহিদুর হক)  
মহা ব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)  
বিএডিসি, ঢাকা।  
ফোন: ৯৫৫ ৪০২৬

**অনুলিপিঃ**

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা), মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৩. সচিব, মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
০৫. অফিস কপি।